গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং: ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬-১৬৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪২২ / ২০ মার্চ ২০১৬

বিষয় : ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণ অনুষ্ঠানে সরকারের ডিজিটাল বাংলাদেশ বিষয়ক কার্যক্রম উপস্থাপন এবং ইউনিয়ন পরিষদের সাথে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের চুক্তিপত্র স্বাক্ষরকরণ।

রূপকল্প ২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে সারাদেশের সকল ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। এ সকল ডিজিটাল সেন্টার স্থাপনের ফলে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। জেলা প্রশাসনের গতিশীল নেতৃত্বে ইউনিয়ন ডিজিটাল সেন্টার সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সরকারের জনকল্যাণমূলক উদ্যোগ সম্পর্কে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে নির্বাচিত চেয়ারম্যানদের অবহিত করার লক্ষ্যে শপথ গ্রহণ অনুষ্ঠানে নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজনঃ

১. নব নির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণের পরে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষরকরণ নিশ্চিত করতে হবে। স্বাক্ষরিত প্রতিটি চুক্তিপত্রের সফটকপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগ ও এটুআই প্রকল্পে প্রেরণ করতে হবে। চুক্তিপত্র স্বাক্ষরের ক্ষেত্রে বর্তমানে কর্মরত উদ্যোক্তাগণ অগ্রাধিকার পাবে। বর্তমানে কর্মরত উদ্যোক্তাদের তালিকা এটুআই প্রকল্পের নিকট শপথ গ্রহণ অনুষ্ঠানের ০৭ (সাত) দিন পূর্বে প্রেরণ করতে হবে।

২. নব নির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণের পর ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের উদ্যোগসমূহ পাওয়ার পয়েন্ট উপস্থাপনা ও ডকুমেন্টারী উপস্থাপনের মাধ্যমে তুলে ধরতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

৩. জেলার সকল ডিজিটাল সেন্টারের আয়, সেবা প্রদান, উপকরণের অবস্থা, ডিজিটাল সেন্টারের কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে গৃহিত পদক্ষেপ ইত্যাদি সম্পর্কে উপ-পরিচালক (স্থানীয় সরকার) প্রতি দুই মাস অন্তর প্রতিবেদন প্রস্তুত করবে এবং প্রতিবেদনটি স্থানীয় সরকার বিভাগের সচিব ও এটুআই প্রকল্পের পরিচালক বরাবর প্রেরণ করবে।

এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। চুক্তিপত্রের নমুনা ০২ (দুই) পাতা।
২। অঙ্গিকারনামার নমুনা ১ (এক) পাতা।

20/3/2016

(আবদুল মালেক)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

জেলা প্রশাসক (সকল)
.....................জেলা।

স্মারক নং: ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬-১৬৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪২২ / ২০ মার্চ ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, সকল।
২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প।
৩। মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। উপ-পরিচালক (স্থানীয় সরকার), সকল জেলা।

20/3/16

(সৈয়দ মো: নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব

# <u>চুক্তিপত্র</u>

**এই চুক্তিপত্র .............খ্রিষ্টাব্দের ............মাসের ..........তারিখে নিম্নোক্ত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হলো।**

প্রথম পক্ষঃ ইউনিয়ন পরিষদ (চেয়ারম্যান)

১। জনাব/বেগম...................................ইউনিয়ন..............ডাকঘর............উপজেলা...............
জেলা...................................।

দ্বিতীয় পক্ষঃ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ

১। জনাব/বেগম....................................ইউনিয়ন...............গ্রাম...............ডাকঘর...............
উপজেলা................. জেলা.........................।

২। জনাব/বেগম.....................................ইউনিয়ন................গ্রাম................ডাকঘর............
উপজেলা..................জেলা.........................।

[চেয়ারম্যান ও উদ্যোক্তা পরিবর্তন হলে তাদের স্বস্ব প্রতিনিধিদের উপর এই চুক্তিনামার শর্তাবলী প্রযোজ্য হবে]

## <u>চুক্তির শর্তসমূহ</u>

১। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার স্থাপনের জন্য পরিষদ ভবনে একটি উপযুক্ত কক্ষ, প্রয়োজনীয় উপকরণ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। পরিষদের ভবন তৈরি না হয়ে থাকলে নিকটস্থ কোন ভবনে কক্ষ ভাড়া করে ডিজিটাল সেন্টার স্থাপন করা যাবে। ইউনিয়ন পরিষদ এ ভাড়া পরিশোধ করবে।

২। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারে নতুন নতুন সেবা যুক্ত করার ক্ষেত্রে উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

৩। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা নির্বাচন করবে। নির্বাচিত উদ্যোক্তাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিয়োগ প্রদান করবে। তবে যেসকল উদ্যোক্তা দীর্ঘদিন ধরে কর্মরত আছে তাদেরকে বহাল রাখতে হবে। উদ্যোক্তা পরিবর্তনের ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। উদ্যোক্তা উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে স্থানীয় সরকার বিভাগের নিকট আপীল আবেদন করতে পারবে। উদ্যোক্তার আপীল আবেদন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিষ্পত্তি হবে। নতুন উদ্যোক্তা নিয়োগের ক্ষেত্রে বিকল্প উদ্যোক্তা হিসেবে কর্মরত উদ্যোক্তা অগ্রাধিকার পাবেন।

৪। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদের সাথে উদ্যোক্তার এই চুক্তির মেয়াদ হবে পাঁচ বছর।

৫। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা ডিজিটাল সেন্টার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় বিনিয়োগ নিশ্চিত করবে। ডিজিটাল সেন্টারের উপকরণ রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা করবে।

৬। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় পর্যায়ের বাণিজ্যিক সেবার চাহিদা নির্ধারণ, যুক্তকরণ এবং সেবা সম্পর্কে প্রচার প্রচারণামূলক কর্মসূচি পরিচালনা করবে।

৭। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা দৈনিক সেবা প্রদানের তথ্য ও আয়-ব্যয়ের হিসাব ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে (ডিসিএমএস) নিয়মিত আপলোড করবে।

৮। দ্বিতীয় পক্ষ ডিজিটাল সেন্টার ব্লগের সদস্য হয়ে নিয়মিত অন্যান্য উদ্যোক্তাদের সাথে যোগাযোগ রক্ষা করবে। ব্লগে ডিজিটাল সেন্টারের সফলতা, সম্ভাবনা ও চ্যালেঞ্জ সম্পর্কে আলোচনা করবে এবং অন্য উদ্যোক্তাদের সহযোগিতা নিয়ে ডিজিটাল সেন্টারকে একটি শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করতে উদ্যোগী হবে।

৯। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা বিদ্যুৎ ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল যথাযথ কর্তৃপক্ষকে নিয়মিত পরিশোধ করবে।

# চুক্তিপত্র

১০। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী হবে না। ডিজিটাল সেন্টার থেকে সেবা প্রদান করে উপার্জিত অর্থ উদ্যোক্তার আয় হিসেবে গণ্য হবে। এই আয় পুরুষ ও নারী উদ্যোক্তার মধ্যে সমভাবে বন্টিত হবে।

১১। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা পরিবর্তন হলে বিকল্প উদ্যোক্তা ডিজিটাল সেন্টার পরিচালনা করবে।

১২। ডিজিটাল সেন্টার বিষয়ে সরকারের নির্দেশনা ইউনিয়ন পরিষদ ও উদ্যোক্তা যথাযথভাবে পালন করবে।

১৩। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ এবং দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র এবং এটুআই প্রকল্প কর্তৃক প্রণীত ডিজিটাল সেন্টার পরিচালনার নীতিমালার আলোকে কার্যক্রম বাস্তবায়ন করবে।

১৪। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন প্রকার রাষ্ট্রবিরোধী কার্যক্রমের সাথে যুক্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বাক্ষর ও তারিখঃ

উদ্যোক্তার স্বাক্ষর ও তারিখঃ

১।

২।

উপপরিচালক (স্থানীয় সরকার) এর স্বাক্ষর ও তারিখঃ

# অঙ্গীকারনামা

আমি..............................................................,চেয়ারম্যান, ................ নং ..........................ইউনিয়ন পরিষদ, ............................................... উপজেলা, .........................জেলা, এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,....................................... ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত পুরুষ ও নারী উদ্যোক্তা যথাক্রমে জনাব/বেগম.................................................................................................
এবং জনাব/বেগম ...............................................কে বর্তমান ইউনিয়ন ডিজিটাল সেন্টারে বহাল রাখিব এবং তাদের কার্যক্রম পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করিব।

স্বাক্ষর ..................................

নামঃ..................................................

চেয়ারম্যান

......নং.................. ইউনিয়ন পরিষদ

.................উপজেলা

....................... জেলা

আমার উপস্থিতিতে এই অঙ্গীকার প্রদান করা হয়েছে

উপপরিচালক(স্থানীয় সরকার)এর স্বাক্ষর ও তারিখ